12

# দৈনিক বাংলা

তারিখ ... ২১।৩।৯৫ ...
পৃষ্ঠা ৯ কলাম ৮ ...

## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষা-১৯৯৫ইং

(১) ১৯৯৫ সালের দাখিল পরীক্ষাসমূহ সারাদেশব্যাপী আগামী ০৬-০৪-৯৫ইং তারিখ হতে ১৮-০৪-৯৫ইং তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

২) পরীক্ষার পবিত্রতা রক্ষা করুন। পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা বজায় রাখুন।

৩) নকল প্রবণতা প্রকৃত শিক্ষার অন্তরায়। নকল প্রবণতা একটি জাতীয় ব্যাধি। এই ব্যাধির মূলোৎপাটন সকলের সামাজিক ও নৈতিক দায়িত্ব।

৪) নকলকে সমর্থন ও সহায়তা প্রদান একটি অন্তর্ঘাতমূলক অপরাধ। অবিলম্বে ইহা বর্জন করুন।

৫) নকল প্রবণতা শিক্ষার্থীর জীবনে চরম অবক্ষয়ের সূচনা করে। এই অপরাধ প্রবণতা তাদের দ্রুত ধ্বংসের মুখে ঠেলে দেয়।

৬) নকল করে জ্ঞান অর্জন করা যায় না। নকলে গৌরব নেই। আছে শুধু আত্মপ্রবঞ্চনা ও ব্যর্থতার আত্মগ্লানি।

৭) নকল করা দন্ডনীয় অপরাধ। নকল করার অপরাধে ৪ (চার) বছর পর্যন্ত বহিষ্কার-এর বিধান রয়েছে।

৮। কেন্দ্র ও মাদ্রাসা কর্তৃপক্ষ, মাদ্রাসার শিক্ষক/শিক্ষিকা বা অন্য যে কোন ব্যক্তির কারণে পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু পরীক্ষা পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হলে কেন্দ্র বাতিল, সংশ্লিষ্ট ব্যক্তিকে চাকরিচ্যুত করা, সরকারী অনুদান বন্ধ এবং মাদ্রাসার মঞ্জুরি/স্বীকৃতি বাতিল করা হতে পারে।

৯) পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা ভঙ্গকারী যে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে পাবলিক পরীক্ষা অপরাধ আইনবলে তাৎক্ষণিক-ভাবে বিচার করে কারাদন্ড অথবা অর্থদন্ড উভয় প্রকার দন্ড প্রদান করা হবে।

১০) পরীক্ষা হলে/কক্ষে প্রবেশের পূর্বে পরীক্ষার্থীর দেহ তল্লাশি করা হবে। পরীক্ষা হলে কোন পরীক্ষার্থীর অবৈধ কাগজপত্র/বইপুস্তক পাওয়া গেলে তাকে বহিষ্কার করা হবে।

১১) দাখিল পরীক্ষা-১৯৯৫-এর সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করা যাচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

ডিএফপি-৭৯৯৯-১/৪
ক-১৪৯৬(৭×২)